



# জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

website : www.nmst.gov.bd

বিষয়: জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণী

স্থান : সম্মেলন কক্ষ, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

তারিখ : ১২.০৭.২০১৭ খ্রি:

সময় : বেলা ১১.০০ ঘটিকা

সভাপতি : জনাব মো: বদিয়ার রহমান, সিনিয়র কিউরেটর

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

বিগত ১২.০৭.২০১৭ তারিখ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ইনোভেশন টিম-এর এক সভা ইনোভেশন অফিসার সিনিয়র কিউরেটর জনাব মো: বদিয়ার রহমানের সভাপতিত্বে জাদুঘরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন:

- ০১) জনাব এজেএম সালাহ উদ্দিন নাগরী, উপ-পরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
- ০২) কাজী হাসিবুদ্দীন আহমেদ, কিউরেটর (সার্বিক), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
- ০৩) জনাব মাসুদুর রহমান, সহকারী কিউরেটর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
- ০৪) জনাব এস. এম. আবু হান্নান, সহকারী কিউরেটর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
- ০৫) জনাব সৌমিত্র কুমার বিশ্বাস, সিনিয়র আর্টিস্ট, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি বিগত ৩১.০৫.২০১৭ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ উপস্থাপন করেন।


২। আলোচনা:

- ২.১ লাইব্রেরির সংস্কারের বিষয়ে আলোচনা হয়। লাইব্রেরির সংস্কারের তথ্য ডিজিটাইজেশনের কাজ শুরু না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। তিনি লাইব্রেরি সংশ্লিষ্টগণকে জাতীয় গ্রন্থকেন্দ্রে প্রশিক্ষণে প্রেরণের জন্য মত প্রকাশ করেন;
- ২.২ ওয়েব পোর্টাল সম্পর্কে ট্রেনিং-এর ব্যবস্থা করার বিষয়ে আলোচনা হয়;
- ২.৩ জাদুঘরের থিম সং অডিও ফরমেট হতে ভিডিও ফরমেটে কনভার্ট করে ওয়েবসাইট ও ফেসবুক পেইজে আপলোড করা বিষয়ে আলোচনা করা হয়;
- ২.৪ মহিলাদের Breast Feeding কর্ণার স্থাপন করার বিষয়ে আলোচনা হয়;
- ২.৫ প্রতিবন্ধীদের জন্য জাদুঘরের প্রবেশ গেটে র্যাম্প স্থাপনের ব্যাপারে আলোচনা হয়;
- ২.৬ শারীরিক প্রতিবন্ধীদের জন্য একটি বিশেষ টয়লেট স্থাপন করার ব্যাপারে আলোচনা হয়;
- ২.৭ জাদুঘরের গ্যালারিতে প্রবেশে ই-টিকেটিং ব্যবস্থা করার ব্যাপারে আলোচনা হয়;
- ২.৮ জাদুঘরের সকল কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য ফিঙ্গার প্রিন্ট ব্যবস্থা করার বিষয়ে আলোচনা হয়; এবং
- ২.৯ জাদুঘরের হিসাব ব্যবস্থাপনা বর্তমানে ম্যানুয়াল পদ্ধতিতে সংরক্ষণ করা হচ্ছে। দ্রুত ও নির্ভুল হিসাব সংরক্ষণের জন্য এ পদ্ধতিটি অটোমেশন করার ব্যাপারে আলোচনা হয়।

চলমান পাতা-২

৩. সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

- ৩.১ অতিদ্রুত লাইব্রেরি সংস্কারের কাজ শুরু করার লক্ষ্যে লাইব্রেরিয়ান ও সহকারী লাইব্রেরিয়ানকে জাতীয় গ্রন্থকেন্দ্রে প্রশিক্ষণে পাঠাতে হবে;
- ৩.২ সুনামধন্য প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে ওয়েব-পোর্টাল-এর উপর প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;
- ৩.৩ জাদুঘরের থিম সং অডিও ফরমেট হতে ডিডিও ফরমেটে কনভার্ট করে ওয়েবসাইট ও ফেসবুক পেইজে আপলোড করতে হবে;
- ৩.৪ মহিলাদের জন্য Breast Feeding কর্ণার স্থাপন করতে হবে;
- ৩.৫ শারীরিক প্রতিবন্ধীদের জন্য একটি বিশেষ টয়লেট স্থাপন করতে হবে;
- ৩.৬ জাদুঘরের সকল কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য ফিঙ্গার প্রিন্ট যন্ত্র স্থাপনের ব্যবস্থা করতে হবে;
- ৩.৭ জাদুঘরের হিসাব শাখাকে অটোমেশন করতে হবে;
- ৩.৮ ই-টিকেটিং ব্যবস্থা চালু করতে হবে; এবং
- ৩.৯ জাদুঘরের প্রবেশ গেটে র‍্যাম্প স্থাপন করতে হবে।

  
22.09.2019

(মো: বদিয়ার রহমান)

সিনিয়র কিউরেটর

ও

আহ্বায়ক

ইনোভেশন টিম

বিতরণ:

০১. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃষ্টি আকর্ষণ: জনাব মো: সাখাওয়াত হোসেন, প্রোগ্রামার)
০২. ইনোভেশন টিমের সদস্য (সকল), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।
০৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর ঢাকা।
০৪. অফিস নথি।